


# ইবির বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'অ্যান্টি র্যাগিং উইং'

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ০০:২৪, ৩ নভেম্বর ২০২৪



ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) স্নাতক ২০২৩-২৪ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ক্লাস শুরু হয়েছে  
তাই নবীন শিক্ষার্থীদের র্যাগিং থেকে প্রতিহত করতে 'অ্যান্টি র্যাগিং উইং' গঠন করা হয়েছে  
শনিবার 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, ইসলামী বিশ্ববিদ্যালয়' ব্যানারে এই উইং করা হয়।  
ধরণের ৫ সদস্য সম্মিলিত একটি বিবৃতি সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করছে  
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক প্যানেল।

বিবৃতিতে বলা হয়েছে, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদে  
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে স্বাগত জানাচ্ছি। বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া নবী  
শিক্ষার্থীদের র্যাগিং, বুলিংসহ যে কোন ধরণের মানসিক ও শারীরিক নির্যাতনকে সম্পূর্ণ নির্ষি  
ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। প্রশাসনের এই সিদ্ধান্তকে সাধুবাদ জানাই। আমরা মক  
করি র্যাগিং এক ধরণের বৈষম্য ও নিপীড়নমূলক আচরণ। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোল

র্যাগিংমুক্ত ক্যাম্পাস বিনির্মাণে বদ্ধপরিকর। তাই প্রশাসনকে সহযোগিতা করতে ও র্যাগিংনির্মূলে ক্যাম্পাসে সার্বক্ষণিক কাজ করবে আমাদের এন্টি র্যাগিং টুইং।

র্যাগিং সংক্রান্ত যে কোন তথ্য দিয়ে আমাদের সহযোগিতা করার জন্য অনুরোধ রইল।

তথ্য প্রদান ও ঘোগাঘোগ:

১) ইয়াশিরুল কবির সৌরভ

(০১৬১৪১০০২৭৪)

২) তানভীর মাহমুদ মন্ডল

(০১৯৪৩৮৭৫৭৭৯)

৩) গোলাম রববানী

(০১৭৫১৪৩৫৮১৮)

৪) সাদিয়া মাহমুদ মীম

(০১৫২২১০০০১৪)

৫) সাজজাতুল্লাহ শেখ

(০১৮৪০৫৩২৬৭৭)

প্রসঙ্গত, শনিবার বিশ্ববিদ্যালয়ের মাত্রক ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ক্লাস শুরু হয়েছে। ক্লাস শুরুকে ঘিরে বিশ্ববিদ্যালয়ে র্যাগিংয়ের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছে কর্তৃপক্ষ একইসঙ্গে র্যাগিংয়ে জড়িত থাকলে সর্বোচ্চ শাস্তি নিশ্চিতের আশ্বাসও দিয়েছে প্রশাসন।

রাজু